তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
সাধারণ প্রশাসন শাখা
www.titasgas.org.bd
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান
বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১২১৫

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২৩.৯০১

তারিখ: ৬ কার্তিক ১৪৩০
২২ অক্টোবর ২০২৩

**দপ্তরাদেশ নং-৪৮/২০২৩**

বিষয়ঃ কোম্পানির বিভিন্ন অফিস ও স্থাপনাসমূহের বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে ।

কোম্পানির আবাসিক কোয়ার্টারসমূহে ইলেক্ট্রিক্যাল এন্ড করোশন কন্ট্রোল বিভাগ এর মাধ্যমে ০৬ (ছয়) মাসের মধ্যে পৃথক বৈদ্যুতিক মিটার স্থাপন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। উক্ত সময়ের মধ্যে বর্ণিত কার্য যথাযথভাবে সম্পাদন এবং কোম্পানির আওতাধীন অফিস ও স্থাপনাসমূহের বৈদ্যুতিক বিল যথাসময়ে পরিশোধের নির্মিত ইতঃপূর্বের সকল আদেশ বাতিল করতঃ নিম্নোক্তভাবে দপ্তরাদেশ জারি করা হলোঃ

১.১। কোম্পানির প্রধান কার্যালয়ের বিদ্যুৎ বিল ইসিসি বিভাগের জেনারেল ইলেকট্রিক্যাল (জিই) শাখা যথাসময়ে পরিশোধ করবে।

১.২। ডেমরা কমপ্লেক্স এর বিদ্যুৎ বিল এসওডি (দক্ষিণ) এর টিএন্ডডি-ডেমরা শাখা যথাসময়ে পরিশোধ করবে।

১.৩। নন্দীপাড়া ডিআরএস এর বিদ্যুৎ বিল এসওডি (মেট্রো ঢাকা) এর স্টেশন কন্ট্রোল শাখা যথাসময়ে পরিশোধ করবে।

১.৪। গুলশান অফিস এবং উত্তরাস্থ কর্মকর্তাদের আবাসিক ভবনের নীচতলার বিদ্যুৎ বিল এসওডি (মেট্রো ঢাকা) এর স্টেশন কন্ট্রোল (মেট্রো ঢাকা) শাখা যথাসময়ে পরিশোধ করবে।

১.৫। মেট্রো ঢাকা এলাকার সিপি স্টেশনসমূহের বিদ্যুৎ বিল ইসিসি বিভাগ এবং মেট্রো ঢাকা বহির্ভূত এলাকার সিপি স্টেশনসমূহের বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট এলাকার স্থানীয় কর্তৃপক্ষ যথাসময়ে পরিশোধ করবে।

১.৬। মেট্রো ঢাকায় ডিআরএস, টিবিএস, এমএন্ডআর স্টেশন এবং সংশ্লিষ্ট অফিসসমূহের বিদ্যুৎ বিল এসওডি (মেট্রো ঢাকা) এর স্টেশন কন্ট্রোল (মেট্রো ঢাকা) শাখা যথাসময়ে পরিশোধ করবে।

১.৭। মেট্রো ঢাকার বহির্ভূত ডিআরএস, টিবিএস, এমএগুআর স্টেশনের বিদ্যুৎ বিল এসওডি (উত্তর) এবং এসওডি (দক্ষিণ) কর্তৃপক্ষ নিজ নিজ এলাকার অফিস হিসেবে যথাসময়ে পরিশোধ করবে।

১.৮। মেট্রো ঢাকা ও মেট্রো ঢাকা বর্হিভূত অন্যান্য স্থাপনার সিপি স্টেশন এবং দপ্তর সমূহের (বিপণন, রাজস্ব, অপারেশন, পরিবহন প্রভৃতি) বিদ্যুৎ

বিল স্থাপনা ব্যবহারকারী ডিভিশন/বিভাগ/শাখার স্থানীয় কর্তৃপক্ষ যথাসময়ে পরিশোধ করবে।

১.৯। ঢাকা মেট্রোপলিটন এলাকায় কোম্পানির ভাড়াকৃত দপ্তরের বিদ্যুৎ বিল কমন সার্ভিসেস বিভাগ এবং মেট্রোপলিটন এলাকা বহির্ভূত ভাড়াকৃত বাড়ির বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট দপ্তর ব্যবহারকারী কর্তৃপক্ষ যথাসময়ে পরিশোধ করবে।

১.১০। রায়েরবাগ, দনিয়া ডিআরএস কম্পাউন্ড ও অফিস ভবনের বিদ্যুৎ বিল এসওডি-এমডি এর স্টেশন কন্ট্রোল শাখা যথাসময়ে পরিশোধ করবে।

২। সকল আবাসিক কোয়ার্টারে বসবাসকারী/বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ তাদের ব্যবহৃত বিদ্যুৎ বিল নিজ দায়িত্বে পরিশোধ করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে পুন:ভরণ বিলের মাধ্যমে প্রাধিকার অনুযায়ী হিসাব বিভাগ হতে পরিশোধকৃত অর্থ উত্তোলন করতে পারবেন। তবে কোম্পানির যেসকল আবাসিক কোয়ার্টারে (নরসিংদী, মানিকগঞ্জ, বি-বাড়িয়া, তারাকান্দিস্থ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, গফরগাওঁ, আশুগঞ্জ, বি-বাড়িয়া, শাহজীবাজার, শম্ভুগঞ্জ ও মুন্সিগঞ্জ) পৃথক মিটার অথবা সাবমিটার নাই সেসকল স্থাপনায় বিদ্যুৎ বিভাগ হতে পৃথক মিটার স্থাপন ও বিল প্রণীত না হওয়া পর্যন্ত স্থানীয় কর্তৃপক্ষ বিদ্যুৎ বিল প্রদান করবে।

৩। বিদ্যুৎ বিভাগ হতে পৃথক মিটার স্থাপন ও বিল প্রণীত না হওয়া পর্যন্ত সাবমিটার আছে এমন সকল আবাসিক কোয়ার্টারের (ডেমরা, সাভার, ময়মনসিংহ ও জয়দেবপুর) বিল পরিশোধের ক্ষেত্রে নিম্নরুপ নির্দেশনা অনুসৃত হবেঃ

৩.১। ডেমরা আবাসিক কোয়ার্টারের বিদ্যুৎ বিল টিএন্ডডি-ডেমরা শাখা পরিশোধ করবে।

৩.২। সাভার, ময়মনসিংহ ও জয়দেবপুরের আবাসিক কোয়ার্টারের বিদ্যুৎ বিল স্থানীয় কর্তৃপক্ষ প্রদান করবে।

৩.৩। ডেমরা আবাসিক কোয়ার্টারের বিদ্যুৎ এর সাবমিটারের রিডিং টিএন্ডডি-ডেমরা শাখা এবং সাভার, ময়মনসিংহ ও জয়দেবপুরের আবাসিক কোয়ার্টারের বিদ্যুৎ এর সাবমিটারের রিডিং স্থানীয় কর্তৃপক্ষ লিপিবদ্ধ করে প্রতিমাসে বেতন ও তহবিল বিভাগে প্ররণ করবে।

৩.৪। বেতন ও তহবিল বিভাগ সাব-মিটারের প্রদর্শিত রিডিং ও বিদ্যুতের রেট অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বিদ্যুৎ বিল কর্তন করবে।

৩.৫। কোন আবাসিক কোয়ার্টার দাপ্তরিক কাজে ব্যবহার হলে সেই কোয়ার্টারের বিদ্যুৎ বিল দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট দপ্তর পরিশোধ করবে।

৪। আবাসিক কোয়ার্টারসমূহে মিটার স্থাপনপূর্বক বিদ্যুৎ বিভাগ কর্তৃক পৃথক বিদ্যুৎ বিল প্রণীত হলে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বসবাসকরী কর্মকর্তা-কর্মচারীগণ নিজ নিজ বিদ্যুৎ বিল পরিশোধ করবে।

৫। কোন স্থাপনার/দপ্তরের বিদ্যুৎ বিল বকেয়া থাকলে জরুরী ভিত্তিতে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করতঃ স্থানীয় বিদ্যুৎ অফিস হতে হালনাগাদ "প্রত্যয়ন পত্র" সংগ্রহপূর্বক যথাযথ সংরক্ষণের ব্যবস্থা করবে।

৬। কোম্পানির অফিস ও স্থাপনার বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ যেমন- বাল্ব, টিউব লাইট, ফ্যান, সুইচ, সার্কিট ব্রেকার ইত্যাদি স্থাপন/প্রতিস্থাপন/রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাদির ক্ষেত্রে:

৬.ক) মেট্রো ঢাকা বহির্ভূত এলাকার অফিস ও স্থাপনার ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর স্থানীয়ভাবে সম্পন্ন করবে।

৬.খ) মেট্রো ঢাকা এলাকার অফিস ও স্থাপনার ক্ষেত্রে: ইসিসি বিভাগের সংশ্লিষ্ট শাখা সম্পন্ন করবে।

৭। কোম্পানির সকল অফিস ও স্থাপনাসমূহের অন্যান্য (অনুচ্ছেদ ৪ এ বর্ণিত কার্যাদি ব্যতিত) বৈদ্যুতিক সরঞ্জামাদি যেমন: ট্রান্সফরমার, মিটার, বৈদ্যুতিক আন্ডার গ্রাউন্ড লাইন স্থাপন/প্রতিস্থাপন/রক্ষণাবেক্ষণ প্রভৃতি কার্যাদি ইসিসি বিভাগের সংশ্লিষ্ট শাখা কর্তৃক সম্পাদিত হবে।

এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

২২-১০-২০২৩
সারওয়াত জাহান
উপমহাব্যবস্থাপক
ফোন: ৫৫০১২৭০৯
ইমেইল: titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২৩.৯০১/১(২৮৮)

তারিখ: ৬ কার্তিক ১৪৩০
২২ অক্টোবর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) উপব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক (সকল)
২) উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
৩) উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল
৪) উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
৫) ব্যবস্থাপক (সাধারণ)- সকল
৬) ব্যবস্থাপক (হিসাব)- সকল
৭) ব্যবস্থাপক (কারিগরি)- সকল
৮) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৯) সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২২-১০-২০২৩
সারওয়াত জাহান
উপমহাব্যবস্থাপক